

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১৫৪

৯. পানীয় অধ্যায় (كتاب الأشرية)

পরিচ্ছেদঃ ১৭. মদকে সিরকায় পরিণত করার নিষেধাজ্ঞা সম্পর্কে

بَابِ فِي النَّهْيِ أَنْ يُجْعَلَ الْخَمْرُ خَلًّا

আরবী

حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُوسَى عَنْ إِسْرَائِيلَ عَنْ السُّدِّيِّ عَنْ يَحْيَى بْنِ عَبَّادٍ عَنْ أَنسِ بْنِ مَالِكٍ قَالَ كَانَ فِي حِجْرِ أَبِي طَلْحَةَ يَتَامَى فَاشْتَرَى لَهُمْ خَمْرًا فَلَمَّا نَزَلَ تَحْرِيمُ الْخَمْرِ أَتَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَذَكَرَ ذَلِكَ لَهُ فَقَالَ أَجْعَلُهُ خَلَّا قَالَ لَا فَأَهْرَاقَهُ

বাংলা

২১৫৪. আনাস ইবনু মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেনঃ তিনি আবূ তালুহা রাদ্বিয়াল্লাহু আনহু এর বাড়িতে ইয়াতীম হিসাবে ছিলেন। আর তিনি তাদের জন্য মদ কিনে আনতেন। এরপর যখন মদ হারাম করে আয়াত নাযিল হলো, তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এসে তার নিকট তা উল্লেখ করলেন। তখন আবূ তালহা রাদ্বিয়াল্লাহু আনহু জিজ্ঞাসা করেনঃ আমি কি এ দিয়ে সির্কা বানাব না? তিনি বলেনঃ "না।" ফলে তিনি তা ঢেলে ফেলে দিলেন।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ হাসান, ইসমাঈল সুদ্দী'র কারণে।

তাখরীজ: মুসলিম, আশরিবাহ ১৯৮৩;

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৪০৪৫, ৪০৫১ তে।

এছাড়াও, ইবন আব্দুল বারর, আত তামহীদ ৪/১৪৮।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)



 $\textit{\textbf{\textit{9}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id} = 82437$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন